

বিপিএটিসি স্কুল এন্ড কলেজ, সাভার, ঢাকা
এসএসসি ২০২১ এর ১ম বিশেষ প্রস্তুতিমূলক অ্যাসাইনমেন্ট
বিষয় - অর্থনীতি

ক) অল্প কথায় উত্তর দাও।

মান- ৩০

- ১। মুদ্রাস্ফীতি কী?
- ২। অ্যাডাম স্মিথের প্রদত্ত সংস্কাটি লেখ।
- ৩। কাকে প্রথম অর্থনীতিবিদ হিসেবে আখ্যায়িত করা হয়?
- ৪। "ভূমিবাদ" মতবাদ প্রচার করে কারা?
- ৫। বাণিজ্যবাদের উৎপত্তি কখন?
- ৬। বেকারত্ব কখন বাড়ে?
- ৭। "কেন্দ্রীয় পরিকল্পনা" কোন অর্থ ব্যবস্থার বৈশিষ্ট্য?
- ৮। কৌটিল্যের অর্থশাস্ত্রে কোন কোন বিষয়ের উপর আলোকপাত করা হয়?
- ৯। অর্থনীতিতে কয় ধরনের প্রতিনিধি থাকে?
- ১০। ধনতান্ত্রিক অর্থব্যবস্থায় উৎপাদনের মূল লক্ষ্য কী?
- ১১। উপযোগ কী?
- ১২। বিনিয়োগ কী?
- ১৩। উৎপাদিত সম্পদ কাকে বলে?
- ১৪। মজুরি কাকে বলে?
- ১৫। অর্থনীতিতে আয় বলতে কী বুঝ?
- ১৬। প্রান্তিক উপযোগ কাকে বলে?
- ১৭। ব্যক্তিগত যোগানসূচী বলতে কী বোঝায়?
- ১৮। চাহিদার শর্তগুলো কী কী?
- ১৯। প্রতীক মুদ্রা কী?
- ২০। খাজনা বলতে কী বোঝায়?
- ২১। জাতীয় আয়ের পরিমাপে সাধারণত কয়টি পদ্ধতি ব্যবহৃত হয়?
- ২২। প্রাথমিক পর্যায়ে কোনটিকে জাতীয় আয় গণনার সময় বিবেচনা করা হয়না?
- ২৩। কোন ধরনের সুদ জিডিপিতে অন্তর্ভুক্ত হয় না?
- ২৪। কীসের মাধ্যমে গ্রামীণ দারিদ্র্য কমিয়ে আনা সম্ভব?
- ২৫। ফার্ম কী?
- ২৬। "STOL" এর পূর্ণরূপ কী?
- ২৭। "দারিদ্র্যের দুই চক্র" ধারণার প্রবক্তা কে?

২৮। গণদারিদ্র্য গোষ্ঠী কাকে বলে?

২৯। অর্থনৈতিক উন্নয়ন কী?

৩০। কৃষিকাজ কাকে বলে?

খ) সৃজনশীল প্রশ্ন।

মান- ৭০

১। লতিফুর রহমান একটি কারখানায় কাজ করেন। তাঁর কারখানার উৎপাদন সংক্রান্ত বিষয়াবলি সরকার নিয়ন্ত্রণ করে থাকেন। ফলে তিনি স্বাধীনভাবে কোন দ্রব্য উৎপাদন ও ভোগ করতে পারেন না। তাই তিনি ভোগের স্বাধীনতা আছে এমন দেশে বসবাস করার সিদ্ধান্ত নিয়েছেন।

ক) অর্থনীতির মূল উদ্দেশ্য কী?

খ) ইসলামি অর্থব্যবস্থা সম্পর্কে ধারণা দাও।

গ) উদ্দীপকে বর্ণিত লতিফুর রহমান কোন ধরনের অর্থব্যবস্থায় বসবাস করেন- ব্যাখ্যা কর।

ঘ) লতিফুর রহমান কোন ধরনের অর্থব্যবস্থায় বসবাস করার সিদ্ধান্ত নিতে পারে বলে তুমি মনে কর - বিশ্লেষণ কর।

২। স্বাধীনতাপ্রাপ্ত একটি দেশ "ক" এর অর্থব্যবস্থা অন্যান্য রাষ্ট্র থেকে একটু ভিন্ন। এখানে সম্পত্তির ব্যক্তিমালিকানা স্বীকৃত। তবে তা নিয়মতান্ত্রিক। বৈধ উপার্জনের উপর রাষ্ট্রীয় কোন নিষেধাজ্ঞা নেই। মানব কল্যাণের জন্য এ অর্থব্যবস্থায় সম্পদের সর্বোচ্চ ব্যবহার করা হয়। আর সম্পদ বন্টনের মূল লক্ষ্য হল ইনস্যাফভিত্তিক সমাজ প্রতিষ্ঠা।

ক) হিব্রু সভ্যতা কত খ্রীস্টপূর্বে জন্ম নিয়েছিল?

খ) এল. রবিন্স অর্থনীতি সম্পর্কে কী বলেছেন - ব্যাখ্যা কর।

গ) উদ্দীপকে যে ভিন্নধর্মী অর্থব্যবস্থার চিত্র উল্লেখ করা হয়েছে তা ব্যাখ্যা কর।

ঘ) বৃহত্তর জনগোষ্ঠীর কল্যাণ ও ন্যায্যভিত্তিক সমাজ প্রতিষ্ঠা উক্ত অর্থব্যবস্থার মূল উদ্দেশ্য - উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর।

৩। সায়মা একজন নার্স। সে শহরের একটি হাসপাতালে শিশু ওয়ার্ডে কাজ করে। সে সারাদিন শিশুদের সান্নিধ্য বেশ উপভোগ করে। দিনের শেষে সে যখন বাড়ি ফিরে আসে, তখন তার দুই সন্তান মনি ও মুক্তকেও সে লালন-পালন ও দেখাশোনা করে।

ক) অর্থনীতিতে সম্পদ কাকে বলে?

খ) মালিকানার ভিত্তিতে সম্পদের শ্রেণিবিভাগ বুঝিয়ে লেখ।

গ) উদ্দীপকে বর্ণিত সায়মার পেশাটি কি অর্থনৈতিক কার্যাবলি? - ব্যাখ্যা কর।

ঘ) সায়মার সন্তানের দেখাশোনা করা এবং হাসপাতালের শিশুদের দেখাশোনা করার মাঝে কোন পার্থক্য আছে কী?
- তোমার মতামত দাও।

৪। মাসুদ রানা একজন ছাত্র। সে প্রায়ই গল্পের বই কিনে থাকে। কিন্তু গত মাসে দোকানে গিয়ে তার নতুন একটি মোবাইল ফোন পছন্দ হওয়ায় সে গল্পের বই কেনা বাবদ ৫০০০ টাকা দিয়ে মোবাইল ফোন কিনেছে। ফলে তাকে গল্পের বই পড়ার সুযোগ ত্যাগ করতে হল।

ক) অর্থনৈতিক দ্রব্য কী?

খ) অবাধলভ্য দ্রব্য ও অর্থনৈতিক দ্রব্যের পার্থক্য লেখ।

গ) মাসুদ রানা গল্পের বই কেনার পরিবর্তে মোবাইল কেনার ধারণাটি চিত্রসহ ব্যাখ্যা কর।

ঘ) "মাসুদ রানার গল্পের বই পড়ার সুযোগ ত্যাগ করতে হল"- উক্তিটির সাথে কোন ধারণাটি যুক্তিযুক্ত?

৫। রাকিব সাহেব বাংলাদেশে বাস করে। সে মনে করে এদেশের অর্থনৈতিক ও সামাজিক উন্নয়নের গতি ত্বরান্বিতকরণে মানবসম্পদ উন্নয়নের বিশেষ গুরুত্ব রয়েছে। এদেশের সরকারের অন্যতম প্রধান লক্ষ্য হওয়া উচিত মানব সম্পদ উন্নয়ন।

ক) অর্থনৈতিক প্রবৃদ্ধি কাকে বলে?

খ) মানবসম্পদ উন্নয়ন বলতে কী বোঝায়?

গ) রাকিবের দেশের মানবসম্পদ উন্নয়নের উপায় ব্যাখ্যা কর।

ঘ) উদ্দীপকে রাকিবের দেশের মানবসম্পদ উন্নয়নের গুরুত্ব বিশ্লেষণ কর।

৬। বাংলাদেশ ব্যাংকের সহযোগিতায় দেশের বিভিন্ন স্থানে বিভিন্ন প্রশিক্ষণ দেওয়া হয়। এ প্রশিক্ষণের মাধ্যমে বেকার যুবকেরা কারিগরি শিক্ষা ও প্রশিক্ষণ লাভ করে দক্ষ জনশক্তিতে পরিণত হচ্ছে। প্রশিক্ষণপ্রাপ্ত যুবকেরা দেশ-বিদেশে ভাল কর্মসংস্থানের সুযোগ পাচ্ছে। ফলে মানবসম্পদ উন্নয়ন ত্বরান্বিত হচ্ছে।

ক) দারিদ্র্য কী?

খ) বেসরকারি সংস্থা বলতে কী বোঝায়?

গ) উদ্দীপকে বর্ণিত বিষয়টি মানবসম্পদ উন্নয়নে কী ভূমিকা পালন করে?

ঘ) উদ্দীপকে বর্ণিত মানবসম্পদ উন্নয়নের পদক্ষেপটি ছাড়া আর কোন উপায় আছে কী? - বিশ্লেষণ কর।

৭। দশম শ্রেণির ছাত্র অভি তার বন্ধু রনিকে বলে যে সে বুঝতে পারে না কীভাবে দেশের মোট আয় হিসাব করা সম্ভব। রনি তাকে বুঝিয়ে দেয় যে উৎপাদনের চারটি উপকরণের আয় একত্রে করে মোট আয় নির্ণয় সম্ভব।

ক) জিডিপি কী?

খ) মোট দেশজ উৎপাদন বলতে কী বোঝায়?

গ) রনি জাতীয় আয় হিসাবের যে পদ্ধতির কথা বলে- সেটি ব্যাখ্যা কর।

ঘ) উদ্দীপকের উল্লিখিত পদ্ধতি ছাড়া জাতীয় আয় পরিমাপের অন্য কোন পদ্ধতি আছে কী? - যদি থাকে সেগুলো বর্ণনা কর।